

ফাতওয়া নাম্বার: ২২৩

প্রকাশকাল: ২৬-১২-২০২১ ইং

হরবি কাকে বলে? কাফির ও হরবির মাঝে পার্থক্য কী?

প্রশ্ন:

হরবি কাকে বলে? কাফির ও হরবির মাঝে পার্থক্য কী?

প্রশ্নকারী- আবু মুসারাহ

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله والصلاة والسلام على رسول الله وعلى آله وصحبه ومن والاه،
أما بعد:

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত সত্য দ্বীন ইসলামকে যারা দ্বীন হিসেবে গ্রহণ করে না, তারা কাফির। কাফিরদের মধ্যে যাদের মুসলিমদের সঙ্গে কোন প্রকার শরীয়াহ সম্মত নিরাপত্তা বা সন্ধি চুক্তি নেই, তাদেরকে হরবি বলে।

মুসলিমদের সঙ্গে অমুসলিমদের নিরাপত্তা বা সন্ধি চুক্তি মৌলিকভাবে তিন ধরনের হয়ে থাকে।

এক. জিম্মি চুক্তি: এই চুক্তির অধীনে কাফিররা জিম্মিয়া পরিশোধ করে মুসলিম শাসনের বশ্যতা স্বীকারসহ বিভিন্ন শর্তসাপেক্ষে মুসলিম শাসনাধীন দারুল ইসলামে বসবাসের সুযোগ পায়, যেখানে তারা ব্যক্তি জীবনে অপ্রকাশ্যে এবং ঘরোয়া পরিসরে নিজ নিজ ধর্ম পালনেরও সুযোগ পায়। এমন কাফিরদেরকে ذمى (জিম্মি) কাফির বলা হয়। এটি শরীয়তের দৃষ্টিতে স্থায়ী চুক্তি হিসেবে গণ্য হয় এবং যতক্ষণ তারা চুক্তি ভঙ্গের কোন কারণ না ঘটায়, ততক্ষণ তাদের নিরাপত্তা দেয়া মুসলিমদের দায়িত্ব।

দুই. যুদ্ধ বিরতি চুক্তি: যে কাফিরদের সঙ্গে মুসলিমদের যুদ্ধ বিরতি চুক্তি রয়েছে, এমন কাফিরদেরকে معاهد (মু'আহিদ) বলা হয়। যতক্ষণ তারা চুক্তি রক্ষা করে, ততক্ষণ এই যুদ্ধ বিরতি চুক্তি রক্ষা করা মুসলিমদের দায়িত্ব। তবে মুসলিম কর্তৃপক্ষ যদি কোন কারণে মুসলিমদের জন্য চুক্তি ভঙ্গ করা কল্যাণকর মনে করে, তাহলে আগে চুক্তি ভঙ্গের ঘোষণা দিয়ে তাদের সঙ্গেও যুদ্ধ করা যায়।

তিন. আমান বা নিরাপত্তা চুক্তি: মুসলিম ও কাফিরের মাঝে বিশেষ কোন প্রয়োজনে সাময়িক যে নিরাপত্তা চুক্তি হয়। যেমন কোন কাফির ব্যবসার প্রয়োজনে কিংবা তার কোন আত্মীয়ের খোঁজ নেয়ার জন্য মুসলিমদের সঙ্গে নিরাপত্তার চুক্তি করে ৩ মাসের জন্য দারুল ইসলামে প্রবেশ করল। এমন কাফিরকে مستأمن (মুসতা' মিন) বলা হয়। তাকেও চুক্তির মেয়াদে চুক্তির শর্ত অনুপাতে নিরাপত্তা দেয়া মুসলিমদের দায়িত্ব।

উপর্যুক্ত তিন প্রকার তথা জিম্মি, মুআ' হিদ ও মুসতা' মিন কাফির ছাড়া পৃথিবীর সকল কাফিরকে হারবি বলা হয়। (বাদায়িউস সানায়ে: ৭/১০২-১১১; মাউসুআহ ফিকহিয়াহ কুয়িতিয়াহ: ৩৫/১৪, ৭/১০৩; মাজমুউল ফাতাওয়া: ৭/৫৩৪; আহকামু আহলিজ জিম্মাহ: ২/৮৮৩)

فقط، والله أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদিন (উফিয়া আনহু)

১৭-০৫-১৪৪৩ হি.

২২-১২-২০২১ ঈ.

